

## Official Spokesperson's response to media queries on the Indian Consulate in Kandahar

July 11, 2021

### কান্দাহারে ভারতীয় কনসুলেটের বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

জুলাই 11, 2021

কান্দাহারে ভারতীয় কনসুলেটের বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের প্রতিক্রিয়ায় সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি বলেছেনঃ

"আফগানিস্তানে উদ্ভূত নিরাপত্তা পরিস্থিতির উপরে ভারত নিবিড় নজর রেখে চলেছে। সবার আগে আমাদের কর্মীদের সুরক্ষা এবং নিরাপত্তা। কান্দাহারে ভারতের কনসুলেট জেনারেল বন্ধ করে দেওয়া হয়নি। তথাপি, কান্দাহার শহরের কাছে প্রচন্ড লড়াই চলার কারণে ভারতীয় কর্মীদের কিছুদিনের জন্য ভারতে ফিরিয়ে আনা হয়েছে। আমি জোরের সাথে বলতে চাই যে, যতদিন না পরিস্থিতি স্বাভাবিক হচ্ছে ততদিনের জন্য এটি একটি নির্ভেজাল সাময়িক পদক্ষেপ। আমাদের স্থানীয় কর্মচারীদের মাধ্যমে কনসুলেট তার কাজকর্ম জারি রেখেছে।

আমাদের কাবুলের দূতাবাসের মাধ্যমে ভিসা প্রদান এবং কনসুলার পরিষেবা অব্যহত রাখাকে সুনিশ্চিত করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

আফগানিস্তানের একজন গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে একটি শান্তিপূর্ণ, সার্বভৌম এবং গণতান্ত্রিক আফগানিস্তানের প্রতি ভারত প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে। "

নিউ দিল্লি

জুলাই 11, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.